



বাণী

১৬ ডিসেম্বর ২০১৭

আজ ১৬ই ডিসেম্বর, মহান বিজয় দিবস। ১৯৭১ সালের এই দিনে পাকিস্তানী হানাদার বাহিনীকে পরাজিত করে বাঙালি জাতি মুক্তিযুদ্ধে জয়লাভ করে। বিজয়ের এ দিনে আমি দেশে ও বিদেশে অবস্থানরত সকল বাংলাদেশী ভাই-বোনকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আজ আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যিনি বাঙালী জাতির সুদীর্ঘ স্বাধীনতা সংগ্রামে নেতৃত্ব দিয়ে বিজয় অর্জন করেছেন। পরম শ্রদ্ধার সাথে স্মরণ করছি ৩০ লাখ শহীদকে যাদের সুমহান আত্মত্যাগের মধ্য দিয়ে আমরা পেয়েছি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ। আমি আরও শ্রদ্ধার সাথে স্মরণ করছি আমাদের দুঃসাহসী মুক্তিযোদ্ধাদের। আমি শ্রদ্ধাজ্ঞাপন করছি সাহসী বীরাজনাদের যারা আমাদের স্বাধীনতার জন্য চরম ত্যাগ স্বীকার করেছেন। আন্তরিক কৃতজ্ঞতা রইল বিদেশী বন্ধুরাষ্ট্র ও নাগরিকগণের প্রতি যাদের নৈতিক, আর্থিক ও সামরিক সহায়তা আমাদের স্বাধীনতা অর্জনের পথে সহায়ক ভূমিকা রেখেছে।

১৯৭২ এর ১০ই জানুয়ারি স্বাধীন বাংলাদেশে ফিরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুদ্ধবিদ্ধস্ত বাংলাদেশ পুনর্গঠনের কাজ শুরু করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট পরিবারের অধিকাংশ সদস্যসহ জাতির পিতাকে হত্যা করা হয়। বিদেশে অবস্থান করায় সৌভাগ্যক্রমে বেঁচে যান বঙ্গবন্ধুর দুই কন্যা- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তাঁর ছোট বোন শেখ রেহানা। বাংলাদেশ পেছন দিকে হাঁটতে শুরু করলো!

সামরিক এবং আধাসামরিক স্বেচ্ছাসেবকের বিরুদ্ধে দীর্ঘ একুশ বছর সংগ্রামের পর বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা ১৯৯৬ সালে প্রথমবারের মত ক্ষমতায় আসেন। বাংলাদেশ আবার সঠিক ধারায় ফিরে আসে। মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার স্বপ্ন পূরণের সাথে সংগতি রেখে জনগণের আর্থ-সামাজিক মুক্তি, একটি দারিদ্র ও ক্ষুধামুক্ত সমৃদ্ধশালী বাংলাদেশ গঠন এবং বিশ্বের সাথে তাল মিলিয়ে তথ্য প্রযুক্তি নির্ভর একটি দেশ বিনির্মাণের লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'রূপকল্প-২০২১' ঘোষণা করেছেন। বর্তমান সরকার এর দ্বিতীয় মেয়াদে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে কাজ করেছে। বাংলাদেশ ইতোমধ্যেই নিম্নমধ্যম আয়ের দেশে উন্নীত হয়েছে এবং ২০২১ সালের পূর্বেই একটি মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার পথে রয়েছে।

জাতিসংঘ ঘোষিত 'সহশ্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা' (এমডিজি)'র সাফল্যজনক সমাপ্তির ফলে বাংলাদেশ বিশ্বে এখন একটি রোল মডেল। আমি আশা করি বিশ্ব নেতৃবৃন্দের কাতারে স্থান পাওয়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এমডিজি'র ন্যায় ২০৩০ সালের মধ্যে 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা' (এসডিজি) অর্জনেও সক্ষম হবে।

একের পর এক পুরস্কার ও স্বীকৃতির মাধ্যমে বাংলাদেশ নামের এ 'উন্নয়ন বিশ্বয়' আজ আন্তর্জাতিক অঙ্গনে পেয়েছে মর্যাদার আসন। গত বছর জাতিসংঘের ৭১তম অধিবেশন চলাকালে নারী সমাজকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করে একটি জাতির ভাগ্যের আমূল পরিবর্তন ঘটানোর সফল অভিযাত্রায় বিচক্ষণ নেতৃত্বদানের স্বীকৃতিস্বরূপ UN-Women মাননীয় প্রধানমন্ত্রীকে "Planet 50-50 Champion" হিসেবে ও Global Partnership Forum তাঁকে "Agent of Change" শীর্ষক সম্মানে ভূষিত করে। "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণের কর্মযজ্ঞে জনগণের ভাগ্যোন্নয়নে তথ্য-প্রযুক্তির সফল প্রয়োগের স্বীকৃতি হিসেবে প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ "ICT for Development" পুরস্কারে ভূষিত হন।

উন্নয়নের এ অগ্রযাত্রায় সক্রিয় অংশগ্রহণ এবং বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জলকরণে অপরিসীম অবদান রাখার জন্য আমি বিশ্বের সকল প্রান্তে অবস্থানরত প্রবাসী বাংলাদেশীদের অভিনন্দন জানাই।

আন্তর্জাতিক পরিমন্ডলে জাতীয় স্বার্থ সংরক্ষণ ও দেশের ভাবমূর্তি সমুন্নতকরণে পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহের নিবেদিতপ্রাণ সকল কর্মকর্তা ও কর্মচারীদের জন্য রইল বিজয় দিবসের শুভেচ্ছা।

আজকের এই ঐতিহাসিক দিনে আসুন আমরা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে আমাদের নিজ নিজ অবস্থান থেকে কাজ করে যাওয়ার জন্যে নতুন করে শপথ নেই এবং বিশ্বের দরবারে মাথা উচু করে দাঁড়াবার পথে এগিয়ে যাই।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।


(আবুল হাসান মাহমুদ আলী, এম.পি)

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER



GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

Message

16 December 2017

Today is 16 December - our great Victory Day. On this very day in 1971, the Bengali nation won the Liberation War by defeating the Pakistani Occupation Forces. On this day of victory, I congratulate my compatriots at home and abroad.

Today, I recall with profound respect the greatest Bengali of all time, our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman who steered our epic struggle to victory. I pay tribute to the 3 million martyrs whose supreme sacrifice brought us the independent and sovereign Bangladesh. I also recall all the brave freedom fighters. I pay tribute to our courageous women who had to sacrifice their honour for our freedom. I express sincere gratitude to all our foreign friends for their moral, financial and military support on the way towards our independence.

Our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, upon return to his free Bangladesh on 10 January 1972, started reconstructing the war ravaged country. The Father of the Nation was assassinated along with most members of his family on 15 August 1975. Our Hon'ble Prime Minister Sheikh Hasina and her younger sister survived as they were abroad at that time. Bangladesh started to go backwards!

After long 21 years of struggle against military and quasi-military dictatorship, Bangabandhu's daughter Sheikh Hasina came to power for the first time in 1996. Bangladesh turned the corner and things started looking up. Prime Minister Sheikh Hasina has declared 'Vision-2021' in line with the spirit of Liberation War and the dream of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman to build a 'Sonar Bangla' (Golden Bengal) to achieve people's socio-economic emancipation and to build a poverty and hunger-free prosperous country. In its second consecutive term, the government of Prime Minister Sheikh Hasina is now working to transform the country into a middle-income country by 2021 and a developed one by 2041. Bangladesh has already attained the status of a lower middle-income country and is on track to become a middle-income country well before 2021.

After successful achievement of the 'Millennium Development Goals' (MDGs) in which Bangladesh has been acclaimed as a 'role model', we are now committed to the realization of the 'Sustainable Development Goals' (SDGs) adopted by the United Nations General Assembly by 2030. With Prime Minister Shiekh Hasina at the helm of affairs as an acclaimed 'Global Leader', Bangladesh is already working to achieve the SDGs.

A number of awards and recognitions have come along for this 'development wonder' that has enabled Bangladesh to reach a place of dignity in the comity of nations. Last year on the margins of the 71st UNGA in New York, the UN Women and Global Partnership Forum recognised Hon'ble Prime Minister for her prudent leadership in transforming a nation through women empowerment and including them in the mainstream of development and awarded 'Planet 50-50 Champion' and 'Agent of Change' respectively. Adviser to the Hon'ble Prime Minister for ICT Mr. Sajeeb Ahmed Wajed received the 'ICT for Development' award for successfully integrating ICT into the development strategy for the people under 'Digital Bangladesh' Programme.

On this Day, I congratulate the Bangladeshi Diaspora in every corner of the world which is immensely contributing to our economic development and helping in brightening the image of Bangladesh.

I also thank all the members of the Ministry of Foreign Affairs and our Missions abroad who have been working with sustained dedication and commitment in achieving our foreign policy objectives and promoting our national interest on the world stage.

On this historic day, let us make a renewed pledge to devote ourselves to work from our respective positions imbued with the spirit of the Liberation War to complete the task of building Bangabandhu's dream of 'Sonar Bangla' (Golden Bengal) and march onward with our heads held high on the world stage.

Joy Bangla, Joy Bangabandhu.



(Abul Hassan Mahmood Ali, M.P.)